



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০৭ অক্টোবর ২০২০

## প্রেস বিজ্ঞপ্তি

### রামগড়ে তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ বুধবার, ০৭ অক্টোবর ২০২০ এক বিবৃতিতে জেলার রামগড়ে তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, গতকাল মঙ্গলবার দিবাগত গভীর রাত ২:৩০টার সময় সিন্দুকছড়ি জোনের অধীন বাটনাতলী ক্যাম্পের একদল সেনা রামগড়ে নাঙেল পাড়া নামক গ্রামে হানা দিয়ে ওই পাড়ার বাসিন্দা অনিল চাকমার বাড়ি ঘেরাও করে তল্লাশি চালায়। এ সময় সেনারা সেখানে অবস্থানরত তিন ইউপিডিএফ সদস্যকে ঘুম থেকে তুলে অন্যায়ভাবে গ্রেফতার করে নিয়ে যায়। সাংগঠনিক কাজের জন্য তারা সেখানে গিয়েছিলেন।

গ্রেফতারকৃত ইউপিডিএফ সদস্যরা হলেন-১.সুবেল ত্রিপুরা সজল (২৫) পিতা- সবি কুমার ত্রিপুরা গ্রাম- জরিচন্দ্র পাড়া, রামগড়; ২.সাথোই অং মারমা (২৮)পিতা-উল্লা মারমা, গ্রাম-অংতু পাড়া, রামগড় ও ৩. জুয়েল ত্রিপুরা (২৮), গ্রাম- রাজেন্দ্র কার্বারী পাড়া, দিঘীনালা।

এ সময় সেনারা বাড়ির মালিক অনিল চাকমা ও তার ছেলে সুবেন চাকমার ওপর শারীরিক নির্যাতন চালিয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

বিবৃতিতে তিনি বলেন, রাজনৈতিক দমন-পীড়নের অংশ হিসেবে অন্যায়ভাবে ইউপিডিএফ সদস্যদের গ্রেফতার করা হচ্ছে।

তিনি অবিলম্বে গ্রেফতারকৃত তিন ইউপিডিএফ সদস্যকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।